গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
মুরারিচাঁদ কলেজ, সিলেট
ফোন- ০২৯৯৬৬৪১৬৩৪, মোবাইল-০১৭০১-৪৫০৮২০
website : www.mccollege.edu.bd
email : m.c.college_sylhet@live.com

তারিখ : ০৬.০৮.২০২৫ খ্রি.

# জাতীয় বিশ্ববিদ্যালয়ের জুলাই শহিদ স্মৃতি শিক্ষাবৃত্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

মুরারিচাঁদ কলেজ, সিলেট-এর শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক স্নাতক (পাস), স্নাতক (সম্মান) প্রিলিমিনারি টু মাস্টার্স ও স্নাতকোত্তর কোর্সে অধ্যয়নরত নিয়মিত শিক্ষার্থীদের পূর্ববর্তী ফলাফলের ভিত্তিতে 'জুলাই শহিদ স্মৃতি শিক্ষাবৃত্তি জাতীয় বিশ্ববিদ্যালয়-২০২৫, প্রদান করা হবে। এরই প্রেক্ষিতে মুরারিচাঁদ কলেজ, সিলেট-এ অধ্যয়নরত শিক্ষার্থীদের (সেশনভিত্তিক সংশ্লিষ্ট শিক্ষার্থী) নিম্নোক্ত নিয়মাবলী অনুসরণপূর্বক উল্লিখিত শিক্ষাবৃত্তির জন্য আবেদন আহ্বান করা যাচ্ছে।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রকাশিত বিজ্ঞপ্তি মোতাবেক আর্থিকভাবে অসচ্ছল, প্রান্তিক, সুবিধাবঞ্চিত অথচ মেধাবী কোটায় শিক্ষাবৃত্তি প্রাপ্তির লক্ষ্যে পূর্ববর্তী ফলাফলে ভিত্তিতে স্নাতক (পাস) ২য় বর্ষ ২০২১-২২ ও ২০২২-২৩, স্নাতক (পাস) ৩য় বর্ষ ২০২০-২১ শিক্ষাবর্ষ, স্নাতক (সম্মান) ২য় বর্ষ ২০২২-২৩ শিক্ষাবর্ষ, স্নাতক (সম্মান) ৩য় বর্ষ ২০২১-২২ শিক্ষাবর্ষ, স্নাতক (সম্মান) ৪র্থ বর্ষ ২০২০-২১ শিক্ষাবর্ষ এবং মাস্টার্স প্রিলিমিনারী ২০২০-২১ শিক্ষাবর্ষ এবং অনার্সের ফলাফলের ভিত্তিতে স্নাতকোত্তর ২০২২-২৩ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থী আবেদন করতে পারবে। কলেজের ওয়েবসাইট হতে তথ্য ছক ফর্ম ডাউনলোড করে নির্ভুলভাবে ছক পূরণ করে আগামী ১০.০৮.২০২৫ হতে ১১.০৯.২০২৫ তারিখের মধ্যে কলেজের তথ্য ও অনুসন্ধান কেন্দ্রে জমা দেওয়ার জন্য নিদের্শ প্রদান করা হলো।

***আবেদন ফর্ম এর সাথে যেসকল কাগজপত্র জমা দিতে হবে:***

- ✓ পূরণকৃত নির্ধারিত আবেদন ফর্ম
- ✓ অধ্যয়নরত প্রত্যয়নপত্র
- ✓ পূর্ববর্তী পরীক্ষার ফলাফল সীট
- ✓ বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত সনদের ফটোকপি
- ✓ জাতীয় পরিচয়পত্র/জন্মসনদের ফটো কপি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
মুরারিচাঁদ কলেজ, সিলেট
ফোন- ০২৯৯৬৬৪১৬৩৪, মোবাইল-০১৭০১-৪৫০৮২০
website : www.mccollege.edu.bd
email : m.c.college_sylhet@live.com

নিয়মাবলীঃ

জাতীয় বিশ্ববিদ্যালয় শিক্ষাবৃত্তি নীতিমালা'র আলোকে কলেজে অধ্যয়নরত (১) বিশেষ চাহিদাসম্পন্ন সকল শিক্ষার্থী (২) স্নাতক (পাস), স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর পর্যায়ে আর্থিকভাবে অসচ্ছল, প্রান্তিক, সুবিধাবঞ্চিত অথচ মেধাবী শিক্ষার্থী এই বৃত্তির আওতাভুক্ত বলে গণ্য হবে।

১। বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের জন্য বৃত্তিঃ

জাতীয় বিশ্ববিদ্যালয়ে ভর্তি হওয়া বিশেষ চাহিদাসম্পন্ন সকল শিক্ষার্থীকে বৃত্তি প্রদানের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সিদ্ধান্ত গ্রহণ করেছে। বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীগণ ভর্তি হওয়ার পর থেকে প্রতি শিক্ষাবর্ষে একবার এককালীন এই বৃত্তি প্রাপ্ত হবে।

ক) বিশেষ চাহিদাসম্পন্ন এর সপক্ষে বিশেষ চাহিদাসম্পন্ন কোটায় ভর্তির কাগজপত্র আবেদনের সঙ্গে জমা প্রদান করতে হবে।

খ) বৃত্তির জন্য নির্বাচিত প্রত্যেক শিক্ষার্থীকে বছরে এককালীন কম-বেশী ৬,০০০/- (ছয় হাজার) টাকা বৃত্তি প্রদান করা হবে। তবে বৃত্তিখাতে বিশ্ববিদ্যালয়ের বাৎসরিক বাজেটের উপর নির্ভর করে কলেজভিত্তিক বৃত্তি প্রদানের সংখ্যা ও বৃত্তির পরিমাণ কম-বেশি হতে পারে।

২। আর্থিকভাবে অসচ্ছল, প্রান্তিক, সুবিধাবঞ্চিত অথচ মেধাবী শিক্ষার্থীদের জন্য বৃত্তিঃ

আর্থিকভাবে অসচ্ছল, প্রান্তিক, সুবিধাবঞ্চিত অথচ মেধাবী শিক্ষার্থীদের বৃত্তি প্রাপ্তির যোগ্যতা:

ক) স্নাতক (পাস), স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর কোর্সে অধ্যয়নরত শিক্ষার্থীদের মধ্য থেকে এই নীতিমালায় বর্ণিত বিধি অনুযায়ী বৃত্তি প্রদান করা হবে।

খ) বৃত্তি প্রদানের ক্ষেত্রে আর্থিকভাবে অসচ্ছল, প্রান্তিক, সুবিধাবঞ্চিত অথচ মেধাবী শিক্ষার্থী বৃত্তির আওতাভুক্ত হবে।

ঘ) স্নাতকোত্তর শিক্ষার্থীদের ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয় হতে উত্তীর্ণ স্নাতক (পাস) অথবা স্নাতক (সম্মান) কোর্সের ফলাফলের ভিত্তিতে বৃত্তি প্রদান করা হবে।

ঙ) বৃত্তি প্রাপ্তির জন্য প্রতি বর্ষে শিক্ষার্থীর অর্জিত ফলাফল ন্যূনতম জিপিএ ৩.০০ হওয়া আবশ্যক;

চ) শিক্ষার্থীদের ক্লাসে উপস্থিতির হার নূন্যতম ৭৫% হতে হবে।

(৩) অনুচ্ছেদ-২ এর 'খ' ভুক্ত শিক্ষার্থীদের মধ্যে যারা কলেজের একাডেমিক ও সহপাঠসহ সকল কার্যক্রমে নিয়মিত অংশগ্রহণ করে থাকে তারা বৃত্তির ক্ষেত্রে অগ্রাধিকার পাবে।

চলমান পাতা- ২/৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
মুরারিচাঁদ কলেজ, সিলেট
ফোন- ০২৯৯৬৬৪১৬৩৪, মোবাইল-০১৭০১-৪৫০৮২০
website : www.mccollege.edu.bd
email : m.c.college_sylhet@live.com

বৃত্তির প্রক্রিয়া ও শর্তাবলী:

ক) শিক্ষার্থীদের পূর্ববর্তী বর্ষের ফলাফল, মেধাক্রম (নিজ কলেজ) ও GPA স্পষ্ট উল্লেখ করতে হবে;

খ) স্নাতক (পাশ) ও স্নাতক (সম্মান) এবং মাস্টার্সে অধ্যয়নরত শিক্ষার্থীর ক্ষেত্রে অনার্সের চূড়ান্ত ফলাফলের কাগজপত্র আবেদনের সাথে সংযুক্ত করতে হবে;

গ) অনুচ্ছেদ-২ এর 'খ' দফায় বর্ণিত শিক্ষার্থীদের কলেজের অধ্যায়নরত প্রত্যয়নপত্র প্রদান করতে হবে।

ক) বৃত্তির জন্য তথ্য গোপন, নিয়মের ব্যত্যয়, অসম্পূর্ণ অথবা ভুল তথ্য প্রদান করা হলে তা বাতিল বলে গণ্য হবে;

খ) অনিয়মিত শিক্ষার্থীবৃন্দ কোন অবস্থাতেই বৃত্তির আওতাভুক্ত হবে না।

৫। বৃত্তির জন্য শিক্ষার্থীদের তালিকা চূড়ান্তকরণের ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক গঠিত কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত হিসেবে বিবেচিত হবে।

৬। ছাত্র-জনতার জুলাই গণঅভ্যুত্থান-২০২৪-এ আহত ও শহিদ পরিবারের শিক্ষার্থীদের অগ্রাধিকার (প্রযোজ্য ক্ষেত্রে) এবং ক্ষেত্র বিশেষে শর্ত শিথিলযোগ্য হবে।

৭। দুর্গম পাহাড়ী এলাকা, অনুন্নত ও প্রত্যন্ত অঞ্চল, নবী ভাঙ্গন বা প্রাকৃতি দুর্যোগপূর্ণ এলাকার শিক্ষার্থীদের বৃত্তি প্রাপ্তি ক্ষেত্রে ২ এর (চ) শর্ত শিলিথযোগ্য।

বি দ্রঃ আবেদনকারীদের জমাকৃত আবেদন হতে যাচাই-বাছাইপূর্বক (বিশেষচাহিদা সম্পন্ন ব্যতীত) পূর্ববর্তী পরীক্ষার ফলাফলের ভিত্তিতে সর্বোচ্চ ১০ জন শিক্ষার্থীকে বৃত্তির জন্য সুপারিশ করা হবে।

সংযুক্ত: শিক্ষাবৃত্তির তথ্য ছক

06.08.25
অধ্যক্ষ
মুরারিচাঁদ কলেজ, সিলেট



E:\Stipend Notice-2020